গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ৪/১জি-১০/৯৯/৬৯-শিক্ষা

তারিখঃ ১১/০১/১৪০৭ বঃ
২৪/০৪/২০০০ খ্রিঃ

প্রেরক : মোহাঃ ওয়ালিউর রহমান
সিনিয়র সহকারী সচিব (অনুদান)।

প্রাপক : পরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় : ১৯৯৯-২০০০ অর্থ বছরে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত যথাযথ স্বীকৃতিপ্রাপ্ত সাপেক্ষে নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'ক'), মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'খ'), কলেজ (পরিশিষ্ট 'গ') এবং মাদ্রাসাসমূহের (পরিশিষ্ট 'ঘ') স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছে :-

শর্তাবলী :

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক/কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শুন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে।

(গ) ১৯৯৯-২০০০ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১(এক) বছরের জন্য এম.পি.ও ভূক্ত করা হবে।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫ তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত -যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভূক্তি বাতিল করা হবে।

(ঙ) ১৯৯৯-২০০০ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য যথা- ব্যানবেইস ফরম, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের শিক্ষাগত সনদপত্র, ২(দুই) কপি ছবি, নিয়োগপত্র, অঙ্গীকার পত্র, স্ব-স্ব ব্যাংক একাউন্ট এর মূল কপি ব্যানবেইসে এবং অনুলিপি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। উল্লিখিত কাগজপত্র অবশ্যই আগামী ২৫/০৫/২০০০ তারিখের মধ্যে ব্যানবেইস-এ পৌঁছাতে হবে। অনন্যথায় এমপিওভূক্তির এসংক্রান্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

২। ১৯৯৯-২০০০ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভূক্তির সরকারী আদেশ ১৫/০৫/২০০০ থেকে কার্যকর হবে।

৩। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ১৯৯৯-২০০০ অর্থ বছরের ০০১৩-৫৯৩১ বেসরকারী শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

নং-শাঃ৪/১জি-১০/৯৯/৬৯-শিক্ষা

তারিখঃ ১১/০১/১৪০৭ বঃ
২৪/০৪/২০০০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত তালিকায় উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানকে এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে আগামী ২৫শে মে,২০০০ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ব্যানবেইসে প্রেরণের ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৪। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

৫। জেলা প্রশাসক, ........................................................ (সকল)

৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

৭। সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৮। জেলা শিক্ষা অফিসার ........................................................ (সকল)

৯। অধ্যক্ষ/অধ্যক্ষা, প্রধান শিক্ষক/শিক্ষিকা/সুপার ....................................................................................।

এ বিষয়ে 'ঙ' নং শর্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস),১ নং সোনারগাঁও রোড,পলাশী-নীলক্ষেত,ঢাকা-১২০৫ এর বরাবরে রেজিষ্টার্ড ডাকযোগে ২৫শে মে ২০০০ এর মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১০। সংরক্ষণ নথি।

২৪-০৪-২০০০

( মোহাঃ ওয়ালিউর রহমান )
সিনিয়র সহকারী সচিব